



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা ২০২১

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/শেরপুর-১১৪/ ০৪০০/৭

তারিখ: ০৪ .১১.২০১৯খ্রি.

## বিষয়ঃ শেরপুর জেলার সদর উপজেলাধীন জঙ্গলদী দাখিল মাদ্রাসার নাম পরিবর্তন প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, শেরপুর জেলার সদর উপজেলাধীন জঙ্গলদী দাখিল মাদ্রাসার সুপার মাদ্রাসার নাম পরিবর্তনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ বোর্ডে আবেদন করেছেন। আবেদনে তিনি উল্লেখ করেন যে, জঙ্গলদী দাখিল মাদ্রাসাটি ২০০৪ খ্রি. সালে প্রতিষ্ঠিত হয়ে অদ্যাবধি সুষ্ঠুভাবে পরিচালিত হয়ে আসছে। বিগত ১০/০৭/২০১৭ খ্রি. তারিখে ম্যানেজিং কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক অত্র জঙ্গলদী দাখিল মাদ্রাসার নাম পরিবর্তন করে আলহাজ্ব মোফাজ্জল হোসেন দাখিল মাদ্রাসার নামকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সুপার নামকরণের শর্ত মোতাবেক ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা ব্যাংকে জমা রশিদের কপি ও ব্যাংক সনদ দাখিল করেছেন (কপি সংযুক্ত)। প্রতিষ্ঠানের নাম পরিবর্তন করে ব্যক্তির নামে নামকরণ একটি গুরুত্বপূর্ণ বিষয় বিধায় স্থানীয় প্রশাসনের মতামত প্রয়োজন।

বর্ণিত অবস্থায় সংযুক্ত কাগজপত্রের আলোকে জঙ্গলদী দাখিল মাদ্রাসার বর্তমান নাম পরিবর্তন করে আলহাজ্ব মোফাজ্জল হোসেন দাখিল মাদ্রাসা নামে নামকরণের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ...০২... (১২৬)

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

প্রাপক:

জেলা প্রশাসক

শেরপুর।

নং-বামাশিবো/প্রশাসন/শেরপুর-১১৪/ /

তারিখ: .১১.২০১৯খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা শিক্ষা অফিসার, শেরপুর;
২. উপজেলা নির্বাহী অফিসার, সদর, শেরপুর;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, শেরপুর;
৪. জনাব মো: আতিকুর রহমান (সুপার), জঙ্গলদী দাখিল মাদ্রাসা, ডাকঘর: চরজঙ্গলদী, সদর, শেরপুর;
৫. সভাপতি, নির্বাহী কমিটি, জঙ্গলদী দাখিল মাদ্রাসা, ডাকঘর: চরজঙ্গলদী, সদর, শেরপুর;
৬. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪

জংগলদী দাখিল মাদরাসা

জংগলদী দাখিল মাদরাসা (প্রত্যাবৃত্ত)

সুপারিনটেনডেন্ট, জংগলদী, শেরপুর সদর, জংগলদী উপজেলা, শেরপুর জেলা

ফোন : ০১৭৩৬-৪১৫২৭৮, ০১৭৩৬-৪১৫২৭৮, ০১৭৩৬-৪১৫২৭৮

তারিখঃ ২১/১/১৯

সূত্রঃ

বরাবর,  
রেজিস্ট্রার  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড  
ঢাকা।

বিষয় : মাদরাসার নাম পরিবর্তন সংক্রান্ত কাগজ পত্র জমা প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

সবিনয় নিবেদন এই যে, শেরপুর সদর উপজেলাধীন জংগলদী দাখিল মাদরাসাটি ২০০৪ইং সনে প্রতিষ্ঠিত হয়ে অদ্যাবধি পর্যন্ত সুষ্ঠুভাবে পরিচালিত হয়ে আসছে। ১০/০৭/২০১৭ইং তারিখে কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক অত্র জংগলদী দাখিল মাদরাসার নাম পরিবর্তন করে আলহাজ্ব মোফাজ্জল হোসেন দাখিল মাদরাসার নাম করনে সিদ্ধান্ত গৃহিত হয়। সেই লক্ষ্যে নামকরণের বিধি মোতাবেক ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা জমার ব্যাংক রশিদ ও ব্যাংক সনদ সহ আবেদন দাখিল করিলাম।

সেমতে মহোদয় সমীপে বিনীত আরজ এই যে, নাম পরিবর্তনের আবেদন ও সংযোজিত কাগজপত্র পর্যালোচনান্তে অত্র মাদরাসার নাম পরিবর্তন করে আলহাজ্ব মোফাজ্জল হোসেন, প্রতিষ্ঠাতা ও জমিদাতা মহোদয়ের নামানুসারে জংগলদী আলহাজ্ব মোফাজ্জল হোসেন দাখিল মাদরাসা নাম করনের সদয় আদেশদানে বাধিত করতে মহোদয়ের সু-আজ্ঞা হয়।

রেজিস্ট্রার  
১৬-১-১৯

বিনীত নিবেদক  
আপনার একান্ত অনুগত

মোঃ আতিকুর রহমান  
সুপার  
জংগলদী দাখিল মাদরাসা  
শেরপুর সদর, শেরপুর  
মোবাইল : ০১৭৩৬-৪১৫২৭৮

সংযুক্তিঃ-

- ১। আবেদন পত্র ১ ফর্দ।
- ২। ১০ লক্ষ টাকা জমা দানের রশিদ ও ব্যাংক সনদের মূল কপি ১ ফর্দ।
- ৩। পাঠদানের অনুমতি ফটোকপি ১ ফর্দ।
- ৪। অনুমোদিত কমিটির ফটোকপি ১ ফর্দ।
- ৫। সাধারণ ও সংরক্ষিত তহবিলের বিবরণ ফর্দ।
- ৬। কমিটির সভার কার্যবিবরণীর ২ ফর্দ।
- ৭। বোর্ড ফি বাবদ ৭০০০/- টাকার রশিদ ১ ফর্দ।